

বঙ্গভবন ২৯ আগস্ট ২০২২:

বাংলাদেশে নবনিযুক্ত ইরানের রাষ্ট্রদূত **Mansour Chavoshi** এবং ব্রাজিলের রাষ্ট্রদূত **Paulo Fernando Dias Feres** বিকেলে বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে তাদের পরিচয় পত্র পেশ করেন।

নতুনদূতগণ বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্ট এর একটি চৌকস দল তাদের গার্ড অব অনার প্রদান করে।

রাষ্ট্রপতির কাছে প্রথমে ইরানের রাষ্ট্রদূত তার পরিচয়পত্র পেশ করেন। এরপর পরিচয়পত্র পেশ করেন ব্রাজিলের নতুন রাষ্ট্রদূত।

ইরানের রাষ্ট্রদূতের সঙ্গে সাক্ষাৎকালে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, বাংলাদেশ ও ইরানের মধ্যে চমৎকার দ্বিপাক্ষিক সম্পর্ক বিদ্যমান।

দু'দেশের মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণের সম্ভাবনা উজ্জল উল্লেখ করে রাষ্ট্রপতি আশা করেন নতুন দূতের দায়িত্ব পালনকালে দুই দেশের মধ্যে বাণিজ্য ও বিনিয়োগ আরও সম্প্রসারিত হবে।

রোহিঙ্গা সমস্যার সমাধানে জাতিসংঘ ও ওআইসি তে জোরালো সমর্থনের জন্য ইরান সরকারকে ধন্যবাদ জানান রাষ্ট্রপতি।

ব্রাজিলের নতুন রাষ্ট্রদূতকে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, ব্রাজিলের সাথে অর্থনৈতিক ও বাণিজ্যিক সম্পর্ক বাড়াতে আগ্রহী বাংলাদেশ।

দু'দেশের মধ্যে বাণিজ্য বৃদ্ধির লক্ষ্যে ব্যবসায়ী ও বিনিয়োগকারীদের সফর বিনিময়ের উপর গুরুত্বারোপ করেন রাষ্ট্রপতি। ঔষধ ও তৈরি পোশাক সহ বাংলাদেশ থেকে বিশ্বমানের পণ্য আমদানি করার করার জন্য ব্রাজিলের নতুন রাষ্ট্রদূতের প্রতি আহ্বান জানান তিনি।

সাক্ষাৎকালে ইরানের ও ব্রাজিলের নতুন রাষ্ট্রদূতগণ দায়িত্ব পালনে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন।

পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন, রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।